



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.২১৩

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

অফিস আদেশ

পাংশা সরকারি কলেজ, পাংশা, রাজবাড়ী এর অধ্যক্ষ প্রফেসর মোহা: আতাউল হক খান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৪/০১/২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০২.০০৪. ২০১৭-১২ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক পদায়নজনিত কারণে ১১/০২/২০২১ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের শিক্ষক জনাব শামিমা আকতার মিনু ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। অপরদিকে কলেজের পদার্থবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: আব্দুল খালেক নিজেকে জ্যেষ্ঠ শিক্ষক দাবি করেন এবং বিধি মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণের বিষয়ে কলেজের শিক্ষকদের মধ্যে জ্যেষ্ঠতা সংক্রান্ত অভিযোগ এবং আপত্তি উত্থাপিত হওয়ায় তা নিরসনে কলেজে কর্মরত সকল শিক্ষকের তথ্য নির্ধারিত ছক মোতাবেক ১৭/০২/২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য প্রতিষ্ঠান প্রধান-কে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু প্রতিষ্ঠান থেকে চাহিত তথ্যাদি পাওয়া যায়নি। সরকারিকরণসংক্রান্ত নথিতে বিদ্যমান কলেজের তথ্যাদি যাচাইয়াত্তে আবেদনকারী জনাব মো: আব্দুল খালেক প্রভাষক (পদার্থবিদ্যা)-কে কর্মরত জ্যেষ্ঠ কর্মকর্তা হিসেবে প্রতিয়মান হয়।

এমতাবস্থায়, জ্যেষ্ঠ কর্মকর্তা জনাব মো: আব্দুল খালেক, প্রভাষক (পদার্থবিজ্ঞান)-কে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো এবং দায়িত্ব গ্রহণকারী কর্মকর্তা জনাব শামিমা আকতার মিনু-কে জনাব মো: আব্দুল খালেকের নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২. কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভিলিয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৪-৩-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.২১৩/১(৮)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) জনাব মো: আব্দুল খালেক, পাংশা সরকারি কলেজ, পাংশা, রাজবাড়ী;
- ৫) জনাব শামিমা আকতার মিনু, পাংশা সরকারি কলেজ, পাংশা, রাজবাড়ী
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৭) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ৮) সংরক্ষণ নথি।



৪-৩-২০২১

মোহাম্মদ দেলোয়ার হোসেন
সহকারী পরিচালক